

**“ছক”**

ক্র. নং	ইউনিটের নাম	সেবার নাম	সেবা প্রদানে সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজপত্র/আবেদন ন ফরম প্রাপ্তিস্থান	সেবা মূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	শাখায় নামসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি, রুম নম্বর, জেলা/উপজেলা কোড, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল	উর্ধ্বতন কর্তাকর্তার পদবি, রুম নম্বর, জেলা/উপজেলা কোড, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল
১	বিলাইছড়ি থানা	ক) মামলার এফআইআর করা	ধর্তব্য অপরাধে লিখিত বা মৌখিক আবেদন প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় অফিসার ও ফোর্স নিয়োগের মাধ্যমে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।	থানা	পুলিশি সেবার জন্য কোন প্রকার মূল্য পরিশোধ করিতে হয় না	অফিসার ইনচার্জ বিলাইছড়ি থানা রাঙ্গামাটি পার্বত্য জেলা। মোবাইল-০১৮৯৬০৩৬৪২৬ ই-মেইল- মেইলocbilaichori@gmail.com	পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা। ফোন-০২৩৩৩৭২৪৫৬ ই-মেইল- sprangamati@police.gov.bd
		খ) অনলাইন জিডি	অনলাইনের মাধ্যমে জিডি ওয়েব সাইটে কোনো সেবাগ্রহীতা হারানো বা অন্য কোন বিষয়ে জিডির আবেদন করিলে পর্যালোচনা পূর্বক তাৎক্ষণিক জিডি নাম্বার প্রদান করা সহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।	থানা/অনলাইনের মাধ্যমে			
		গ) অনলাইনে পুলিশ ক্লিয়ারেন্স	অনলাইনে পুলিশ ক্লিয়ারেন্স ওয়েব সাইটে কোন আবেদনকারী পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রাপ্তির জন্য আবেদন করলে উক্ত আবেদন প্রাপ্তির পর পর্যালোচনা পূর্বক ২/৩ দিনের মধ্যে তদন্তপূর্বক তথ্য সঠিক থাকিলে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদান করা হয়।	অনলাইনের মাধ্যমে			
		ঘ) নারী, শিশু, বয়স্ক, প্রতিবন্ধি ডেস্কের মাধ্যমে সেবা প্রদান	থানায় আগত নারী, শিশু, বয়স্ক, প্রতিবন্ধিদের পুলিশি সেবা প্রদানের জন্য আলাদা ভাবে ডেস্কের ব্যবস্থা রয়েছে। উক্ত ডেস্কে পুরুষ ও নারী পুলিশ অফিসারদের মাধ্যমে অভিযোগ শ্রবণপূর্বক দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণ ও বিভিন্ন আইনি পরামর্শ প্রদানের ব্যবস্থা রয়েছে।	থানা			
		ঙ) জাতীয় জরুরী সেবা ৯৯৯	জাতীয় জরুরী সেবা ৯৯৯ এর কল প্রাপ্তি সাপেক্ষে দ্রুত পুলিশ অফিসার প্রেরণপূর্বক পুলিশির উপর জনগণের আস্থা বৃদ্ধিসহ জনগণের দোরগোরায় পুলিশি সেবা তাৎক্ষণিক পৌঁছে দেওয়ার কার্যক্রম চলমান রয়েছে।	থানার ডিউটি অফিসার			
		চ) বিট পুলিশিং এবং কমিউনিট পুলিশিং এর মাধ্যমে ছোট ছোট সমস্যার সমাধান	সাজেক থানা এলাকায় ০২ টি বিটে অফিসারগণ কর্তৃক প্রত্যেকটি বিটে উপস্থিত হয়ে উঠান বৈঠক, বিট পুলিশিং সভা, অপরাধ দমন সভা, মাদকের কুফল/বাল্যবিবাহ, নারী নির্যাতন সম্পর্কে সচেতনামূলক আলোচনা সভাসহ বিভিন্ন পারিবারিক সমস্যার বিরোধ নিষ্পত্তিসহ বিভিন্ন ধরনের সেবামূলক কার্যক্রম চলমান আছে।	স্থানীয় বিট পুলিশিং কার্যক্রম			
		ছ) বিভিন্ন ধর্মীয় উৎসব উদযাপনে নিরাপত্তা নিশ্চিতকরণ সেবা	জাতিগতভাবে বিভিন্ন ধর্মীয় উৎসব উদযাপনে প্রয়োজনীয় অফিসার ও ফোর্স নিয়োগের মাধ্যমে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার সেবা প্রদান করা হইতেছে।	থানা			
		জ) গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নিরাপত্তা	দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ ব্যক্তিদের অত্র থানা এলাকায় গমনাগমনের সময় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ অফিসার ও ফোর্সের মাধ্যমে নিরাপত্তা প্রদান করা হয়।	যথাযথ কর্তৃপক্ষ			